দৈনিক সংবাদ

তারিখ 26 JUN 1987
পৃষ্ঠা ... 1 ... কলাম 1

CC5

১১ই আষাঢ় ১৩৯৪

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য ২৩ কোটি ৩২ লাখ টাকার খসড়া ঘাটতি বাজেট তৈরী করা হয়েছে

।। রেজোয়ানুল হক রাজা ।।

আসন্ন ১৯৮৭-৮৮ নতুন অর্থ-বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য ২৩ কোটি ৩১ লাখ ৮৩০ টাকার খসড়া ঘাটতি বাজেট তৈরী করা হয়েছে। এর মধ্যে ঘাটতির পরিমাণ ৪৫ লাখ ১৫ হাজার ৮৩০ টাকা দাঁড়াবে বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে। আগামী

(৭-এর পাতায় দেখুন)

## বাজেট তৈরী করা হয়েছে

(প্রথম পাতার পর)

২৭শে জুন থেকে অনুষ্ঠেয় বিশ্ববিদ্যালয় সিনেটের বার্ষিক অধিবেশনে এই বাজেট অনুমোদনের জন্য পেশ করা হবে।

জানা গেছে, খসড়া বাজেটে সরকারী সূত্র থেকে ২০ কোটি ৬০ লাখ টাকা এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব সূত্র থেকে ২ কোটি ২৫ লাখ ৮৫ হাজার টাকাসহ সর্বমোট আয় দেখানো হয়েছে ২২ কোটি ৮৫ লাখ ৮৫ হাজার টাকা। অন্যদিকে ব্যয় বরাদ্দ করা হয়েছে ২৩ কোটি ৩১ লাখ ৮৩০ টাকা, যার মধ্যে অপারেটিং ব্যয় ২০ কোটি ৬৯ লাখ ৩৯ হাজার ৮৩০ টাকা এবং ক্যাপিটাল ব্যয় ২ কোটি ৬১ লাখ ৬১ হাজার টাকা ধরা হয়েছে।

আলোচ্য বাজেটে চলতি অর্থ-বছরের (৮৬-৮৭) মূল এবং সংশোধিত বাজেটের চাইতে ব্যয় বরাদ্দের পরিমাণ কম। পূর্ববর্তী বাজেটের তুলনায় নতুন বাজেটে ব্যয় হ্রাসের পরিমাণ শতকরা ৭ দশমিক ৪৪। নতুন বাজেটে দেখানো আয়ের হিসেব অনুযায়ী সরকার চলতি অর্থবছরের চাইতে আসন্ন অর্থবছরে বিশ্ববিদ্যালয়কে প্রায় ২ কোটি টাকা কম দেবেন।

নতুন অর্থবছরের খসড়া বাজেটে মোট ১৬টি খাতে ব্যয় বরাদ্দ করা হয়েছে। তার মধ্যে সবচাইতে বেশী বরাদ্দ করা হয়েছে বিবিধ খাতে (ট্যাক্স, প্রভিডেন্ট ফাণ্ড, পেনশন ফাণ্ড, বিভাগীয়/হল/ইনষ্টিটিউট ও অন্যান্য দপ্তরের আনুষঙ্গিক ব্যয়, সাধারণ কার্যক্রম ও অন্যান্য ব্যয়)। এখানে বরাদ্দের পরিমাণ ৫ কোটি ৮৬ লাখ ৬২ হাজার ৭২০ টাকা (মোট বরাদ্দের শতকরা ২৫ দশমিক ১৭ ভাগ)। এরপর রয়েছে শিক্ষকদের বেতন খাতে বরাদ্দ ৫ কোটি ৭৯ লাখ ৫৯ হাজার ১৬৬ টাকা (শতকরা ২৪ দশমিক ৮৬ ভাগ)।

অন্য খাতগুলোতে ব্যয়-বরাদ্দের পরিমাণ হচ্ছে বিভাগ/হল/ইনষ্টিটিউট সহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের কর্মচারীদের বেতন-ভাতা বাবদ ৪ কোটি ৫ লাখ ৭৭ হাজার ৬৫৬ টাকা (শতকরা ১৭ দশমিক ৪১ ভাগ), প্রশাসনিক কর্মচারীদের বেতন ভাতা বাবদ ২ কোটি ২৪ লাখ ৬৪ হাজার ৮ টাকা (শতকরা ৯ দশমিক ৬৪ ভাগ), ভবন রক্ষণাবেক্ষণ বাবদ ১ কোটি ৫২ লাখ টাকা (শতকরা ৬ দশমিক ৫২ ভাগ), পরীক্ষা ব্যয় বাবদ ৮৪ লাখ ১২ হাজার টাকা (শতকরা ৩ দশমিক ৬১ ভাগ), লাইব্রেরী বাবদ ৬৯ লাখ ৪১ হাজার টাকা (শতকরা ২ দশমিক ৯৮ ভাগ), গবেষণা-বাবদ ৫৩ লাখ ৫২ হাজার ৮০ টাকা (শতকরা ২ দশমিক ৩০ ভাগ), ব্যবহারিক শিক্ষা বাবদ ৪৮ লাখ ৮৭ হাজার টাকা (শতকরা ২ দশমিক ১০ ভাগ), আসবাবপত্র বাবদ ৩২ লাখ ২০ হাজার টাকা (শতকরা ১ দশমিক ৩৮ ভাগ), শিক্ষার মান উন্নয়ন বাবদ ২৫ লাখ টাকা (শতকরা ১ দশমিক ০৭ ভাগ), চিকিৎসা বাবদ ২১ লাখ ৮০ হাজার টাকা (শতকরা দশমিক ৯৩ ভাগ), ছাত্র বৃত্তি বাবদ ১৭ লাখ ৫৩ হাজার ২শ' টাকা (শতকরা দশমিক ৭৫ ভাগ), ষ্টেশনারী বাবদ ১৫ লাখ টাকা (শতকরা দশমিক ৬৪ ভাগ) ব্যবহারিক প্রশিক্ষণ বাবদ ১০ লাখ ৬৫ হাজার টাকা (শতকরা দশমিক ৪৬ ভাগ) এবং খেলাধুলা বাবদ ৪ লাখ ২৭ হাজার টাকা (শতকরা দশমিক ১৮ ভাগ)।

চলতি বছরের তুলনায় নতুন অর্থবছরে শিক্ষার মান উন্নয়ন, ভবন রক্ষণাবেক্ষণ এবং আসবাবপত্র খাতে ব্যয় কম ধরা হয়েছে।

### চলতি বছরের সংশোধিত বাজেট

জানা গেছে, সমাপ্ত প্রায় চলতি অর্থবছরে বিশ্ববিদ্যালয়ের সংশোধিত বাজেটে ব্যয়ের পরিমান দাঁড়িয়েছে ২৫ কোটি ১৮ লাখ ৩৪ হাজার ৭২৯ টাকা। এ বছরের মূল বাজেটে ব্যয় ধরা হয়েছিল ২৩ কোটি ৩৮ লাখ ৮৪ হাজার টাকা। সংশোধিত বাজেটে আয়ের পরিমাণ দাড়িয়েছে ২৪ কোটি ৭৭ লাখ ১৮ হাজার ৫শ' টাকা। সে হিসেবে চলতি অর্থ-বছরে বিশ্ববিদ্যালয়ের বাজেট ঘাটতির পরিমাণ ৪১ লাখ ১৬ হাজার ২২৯ টাকা।